

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭-

২৭৬

তারিখঃ ২৮.০৩.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী গত ২৩.১১.২০১৬খ্রিঃ তারিখে প্রাইম হাসপাতাল, নোয়াখালীতে জৈনিক ফিরোজা বেগম, স্বামী-মৃত হাবিব উল্যা, সাং-লক্ষ্মীনারায়নপুর, থানা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী এর পায়ে অপারেশনকালে ভুল চিকিৎসা প্রদানপূর্বক “বা পায়ের” স্থলে “ডান পায়ের” অপারেশনপূর্বক রুড স্থাপন করেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ‘অদক্ষতা’ ও ‘অসদাচরণ’ হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে ‘অদক্ষতা’ ও ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিয়ন্ত্রককারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


২৩/০৬/১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫)
সহযোগী অধ্যাপক (চঃদাঃ) (অর্থোপেডিক সার্জারী)
আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।
(যোগাযোগ ঠিকানাঃ- মনরোডিয়া, ৩বি, ৩/১ ই ব্লক, লালমাটিয়া, ঢাকা)।


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭-

২৭৬/২৬

তারিখঃ ২৮.০৩.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। যুগ্মসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৪। অধ্যক্ষ, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


২৭/০৩/১৭
(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী গত ২৩.১১.২০১৬খ্রিঃ তারিখে প্রাইম হাসপাতাল, নোয়াখালীতে জনৈক ফিরোজা বেগম, স্বামী-মৃত হাবিব উল্যা, সাং-লক্ষ্মীনারায়নপুর, থানা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী এর পায়ে অপারেশনকালে ভুল চিকিৎসা প্রদানপূর্বক “বা পায়ের” স্থলে “ডান পায়ে” অপারেশনপূর্বক রড স্থাপন করেন। আপনার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ‘অদক্ষতা’ ও ‘অসদাচরণ’ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক ‘অদক্ষতা’ ও ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১৬-২১০

তারিখঃ ০৪/০৪/২০১৭খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ উমা দত্ত গুপ্ত (১৩০১৫০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা বন্ধু করে এ মন্ত্রণালয়ের ২০.০৯.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৬-৬৪২নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তীর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব


ডাঃ উমা দত্ত গুপ্ত (১৩০১৫০)
মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
সোনাগাজী, ফেনী।
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-শংকর দত্ত গুপ্ত, গ্রাম-বাদুরিয়া, ডাকঘর-কুঠিরহাট, সোনাগাজী, ফেনী)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১৬-২১০(এ)

তারিখঃ ০৪/০৪/২০১৭খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ভ্যাক্সিট কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন, ফেনী।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৬- ২১২

তারিখঃ ০৪.০৪.২০১৭খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ মামুনুর রশীদ চৌধুরী (১২৬০১৬), মেডিকেল অফিসার, নাউতাড়া উপস্বাস্থ্য কেন্দ্র, ডিমলা, নীলফামারী ডিমলা, নীলফামারী বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২০.০৯.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৬-৬৪২নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তীর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ মামুনুর রশীদ চৌধুরী (১২৬০১৬)
মেডিকেল অফিসার
নাউতাড়া উপস্বাস্থ্য কেন্দ্র, ডিমলা, নীলফামারী।
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মিঠানালা, ডাকঘর-মিঠানালা, উপজেলা-মিরসরাই, জেলা-চট্টগ্রাম)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৬- ২১২/১৭৫)

তারিখঃ ০৪.০৪.২০১৭খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন, নীলফামারী।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডিমলা, নীলফামারী।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd